

বাংলা একাডেমি  
সদস্যবিধি



বাংলা একাডেমি ঢাকা

## বাংলা একাডেমি-সদস্যবিধি

খ্যাতনামা বিদ্বান/পণ্ডিত/গবেষক/বিজ্ঞানী/শিক্ষাবিদ অর্থাৎ কোনো-না কোনো বিদ্যাশাখার একাডেমিশিয়ান এবং জাতীয় বা আন্তর্জাতিক পর্যায়ে গুরুত্বপূর্ণ লেখক, শিল্পী/ চিত্রকর, সংগীতজ্ঞ ই শুধু বাংলা একাডেমির সদস্যপদ লাভের যোগ্য বিবেচিত হবেন। বাংলা একাডেমি আইনের ৮ ধারা অনুযায়ী দু'ধরনের সদস্যপদ রয়েছে :

১. জীবনসদস্য
২. সাধারণসদস্য

### বিধি-১

ক. সদস্যপদের অন্যান্য যোগ্যতা :

১. সদস্যপদ প্রার্থীকে উপর্যুক্ত যোগ্যতা ক্যাটাগরির একটির অধিকারী হতে হবে।
২. আবেদনকারীকে বাংলাদেশি নাগরিক হতে হবে।
৩. আবেদনকারীর বয়স ন্যূনতম ৩০ বছর হতে হবে।
৪. সদস্যপদ প্রার্থীর প্রস্তাবক ও সমর্থকের মধ্যে একজন অবশ্যই ফেলো হবেন।
৫. একুশে পদক ও স্বাধীনতা পুরস্কারপ্রাপ্তদের সরাসরি জীবনসদস্য করা যাবে। জাতীয় বা আন্তর্জাতিক কোনো গুরুত্বপূর্ণ অবদানের জন্য সরাসরি জীবনসদস্য করা যাবে।
৬. কলেজ/বিশ্ববিদ্যালয় পর্যায়ে ১০ বৎসর শিক্ষকতার অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তি সাধারণসদস্য এবং ১৫ বৎসর শিক্ষকতার অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তি জীবনসদস্যের জন্য আবেদন করতে পারবেন।
৭. বাংলা একাডেমি পরিচালিত বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার, রবীন্দ্র পুরস্কার, কবীর চৌধুরী শিশুসাহিত্য পুরস্কার, মেহের কবীর বিজ্ঞানসাহিত্য পুরস্কার, ময়হারুল ইসলাম কবিতা পুরস্কার, সা'দত আলি আখন্দ সাহিত্য পুরস্কার, হালীমা-শরফুদ্দীন বিজ্ঞান-লেখক পুরস্কারপ্রাপ্তরাও একাডেমির সদস্যপদ প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন।
৮. কোনো সদস্য ন্যূনতম ৫ বছর সদস্যরূপে থাকার পর জীবনসদস্যপদের জন্য আবেদন করতে পারবেন। তবে আবেদনপত্রে দুজন ফেলো ওই সময়ে আবেদনকারী একাডেমিক ক্ষেত্রে কী ধরনের গুরুত্বপূর্ণ কাজ করেছেন তার প্রত্যয়নপত্র দেবেন।
৯. একই ঠিকানায় পরিবারের সদস্য ছাড়া আর কেউ সদস্য হতে পারবে না।
১০. বাংলা একাডেমি আয়োজিত বাৎসরিক বিভিন্ন সেমিনার/আলোচনা সভার অন্তত একটিতে উপস্থিত থাকতে হবে।

খ. প্রকাশিত বই/প্রবন্ধ :

১. উচ্চমানের প্রকাশনা থাকলে : ক. কাব্যগ্রন্থের ক্ষেত্রে কবিতায় বাংলা একাডেমি পুরস্কারপ্রাপ্ত একজন ফেলোর কবিতার মান নির্ধারণমূলক মূল্যায়ন থাকতে হবে।
- খ. কবিতা ছাড়া বাংলা সাহিত্যের অন্য কোনো শাখায় বই থাকলে প্রবন্ধ/গবেষণা/গল্প-উপন্যাস/বিজ্ঞান শাখায় একাডেমি পুরস্কারপ্রাপ্ত একজন ফেলো কর্তৃক সদস্যপত্রে প্রার্থীর রচনার উন্নতমান সম্পর্কে সুস্পষ্ট মন্তব্য থাকতে হবে।
- গ. বাংলা একাডেমি, শিল্পকলা একাডেমী, নজরুল ইনস্টিটিউট, বাংলাদেশ জাতীয় জাদুঘর, বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন এবং বাংলাদেশের পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে প্রকাশিত গ্রন্থ প্রণেতা সদস্যপদ বিবেচনার ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন।

## বিধি-২

### সদস্যভুক্ত হওয়ার নিয়ম

- ক. সদস্যভুক্ত হওয়ার জন্য নির্ধারিত আবেদনপত্রে আবেদন করতে হবে। মহাপরিচালক কর্তৃক গঠিত সদস্য-বাছাই কমিটির সুপারিশ অনুযায়ী নির্বাহী পরিষদ তা অনুমোদনের জন্য বিবেচনা করতে পারবে।
- খ. সদস্য-বাছাই কমিটির সুপারিশকৃত আবেদনপত্র নির্বাহী পরিষদ কর্তৃক অনুমোদিত হলে, অনুমোদিত আবেদনকারীদের অবিলম্বে অবহিত করতে হবে এবং সেই সঙ্গে সদস্যপদের নিয়মাবলি মেনে চলার সম্মতিপত্র নিতে হবে।  
যাঁদের আবেদন গৃহীত হবে না তাঁদের সাধারণ ডাকের মাধ্যমে এক মাসের মধ্যে পত্র দিয়ে জানিয়ে দেওয়া হবে।
- গ. সদস্য ফরম স্বাক্ষর ও চাঁদা সচিবের নিকট জমা না হওয়া পর্যন্ত কোনো ব্যক্তিকে সদস্যপদে অন্তর্ভুক্ত বলে গণ্য করা হবে না।
- ঘ. চিঠি পাওয়ার ৬০ (ষাট) দিবসের মধ্যে সদস্যভুক্ত না হলে আবেদনপত্র বাতিল হয়ে যাবে।
- ঙ. কমিটি কর্তৃক অননুমোদিত আবেদনকারী পুনরায় আবেদন করতে চাইলে দুই বছর পর নতুন করে আবেদন করতে হবে।
- চ. একাডেমির সদস্য পদের জন্য নির্দিষ্ট মুদ্রিত ফরম-এর ফি ১০০.০০ (একশত) টাকা।

## বিধি-৩

### চাঁদার হার

বিভিন্ন শ্রেণির সদস্যের চাঁদার হার নিম্নরূপ :

- ক. জীবনসদস্য এককালীন ৭,০০০.০০ (সাত হাজার) টাকা।
- খ. সাধারণসদস্য হিসাবে অন্তর্ভুক্তি ফি ৩,০০০.০০ (তিন হাজার) টাকা; এবং একই সঙ্গে দেয় বার্ষিক চাঁদা ১,০০০.০০ (এক হাজার) টাকা।
- গ. নতুন জীবনসদস্য ও সাধারণসদস্যের পরিচয়পত্র তৈরি বাবদ ১০০.০০ (একশত) টাকা।
- ঘ. বার্ষিক চাঁদা ৩০শে সেপ্টেম্বরের মধ্যে পরিশোধ করতে হবে। এই সময়ের মধ্যে যারা চাঁদা পরিশোধে ব্যর্থ হবেন তাঁরা মহাপরিচালক বরাবর আবেদন করতে পারবেন। মহাপরিচালক বিষয়টি নির্বাহী পরিষদে উত্থাপন করবেন। কানিপি অনুমোদন করলে তিনি চাঁদা পরিশোধ করতে পারবেন।
- ঙ. কোনো সদস্য যদি একাদিক্রমে দুই বছরের চাঁদা নির্ধারিত সময়ে (৩০শে সেপ্টেম্বর) পরিশোধে ব্যর্থ হন, তবে তাঁর সদস্যপদ বাতিল বলে গণ্য হবে।

## বিধি-৪

### সুযোগ-সুবিধা এবং অধিকার

সদস্যগণ নিম্নলিখিত সুযোগ-সুবিধা লাভ করবেন :

- ক. একাডেমির সদস্য-কার্ড পাবেন।
- খ. একাডেমি প্রকাশিত পত্রিকা, পুস্তিকা, সাময়িকী এবং প্রকাশিত গ্রন্থাদি প্রত্যেক সদস্য এক কপি করে একবার মাত্র একাডেমির নির্ধারিত কমিশনে ক্রয় করতে পারবেন।
- গ. শুধু হালনাগাদ চাঁদা পরিশোধ করা থাকলে একাডেমির বার্ষিক সাধারণ সভায় উপস্থিত থাকতে পারবেন এবং একাডেমি-সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে প্রস্তাব প্রেরণ করতে পারবেন।
- ঘ. বিধি অনুযায়ী একাডেমি নির্বাহী পরিষদের সদস্য-নির্বাচনে প্রার্থী হিসেবে অংশগ্রহণ এবং ভোট প্রদান করতে পারবেন এবং সদস্যপদপ্রার্থীর প্রস্তাবক ও সমর্থক হতে পারবেন।

**মন্তব্য :** সদস্য-কার্ড হারালে বা বিনষ্ট হলে ১০০.০০ (একশত) টাকা ফিসহ লিখিতভাবে আবেদন করলে ডুপ্লিকেট কার্ড ইস্যু করা যাবে।

- ঙ. একাডেমি কর্তৃক আয়োজিত বিভিন্ন অনুষ্ঠান ও আলোচনা সভায় উপস্থিত থাকতে পারবেন।
- চ. গ্রন্থাগার-বিধি অনুযায়ী বাংলা একাডেমি গ্রন্থাগার ব্যবহার করতে পারবেন।

## বিধি-৫

### সদস্যদের দায়িত্ব

১. একাডেমির সদস্যদের দায়িত্ব নিম্নরূপ :
  - ক. একাডেমির বিধি-বিধান ও নিয়মাবলি মেনে চলা।
  - খ. একাডেমির অনুষ্ঠানে যোগদান করা।
  - গ. প্রতিষ্ঠাবার্ষিকী ও সাধারণ সভায় অংশগ্রহণ।
২. একাডেমির সঙ্গে যোগাযোগ রক্ষার ব্যাপারে সদস্যদের দায়িত্ব :
  - ক. ঠিকানা পরিবর্তনের সঙ্গে সঙ্গে লিখিতভাবে প্রত্যেক সদস্য পরিষদ উপবিভাগকে অবহিত করবেন।
  - খ. সদস্য নির্দেশিকা হালনাগাদ রাখার জন্য এবং যোগাযোগের সুবিধার্থে সদস্যগণ তাদের সদস্য ক্রমিক নম্বর, টেলিফোন, মোবাইল ও ই-মেইল (যদি থাকে) ঠিকানা অবশ্যই অফিসে জানিয়ে রাখবেন।

## বিধি-৬

### সদস্যপদ থেকে খারিজ

ইচ্ছাকৃতভাবে একাডেমির স্বার্থ এবং মর্যাদা ক্ষুণ্ণকারী, আইন অনুযায়ী প্রমাণিত মুক্তিযুদ্ধবিরোধী, যুদ্ধাপরাধী এবং দণ্ডপ্রাপ্ত অপরাধীকে একাডেমির সদস্য তালিকা হতে খারিজ করার ক্ষমতা নির্বাহী পরিষদের থাকবে।

- ক. মহাপরিচালক কর্তৃক, নির্বাহী পরিষদের কোনো সদস্য কর্তৃক অথবা সাধারণ পরিষদের কমপক্ষে তিনজন সদস্য কর্তৃক কোনো সদস্যের বিরুদ্ধে উপরোক্ত বিষয়ে কোনো অভিযোগ উত্থাপিত হলে নির্বাহী পরিষদ সে-বিষয়ে তদন্তের ব্যবস্থা করতে পারবেন।
- খ. তদন্ত শুরু হওয়ার আগে অভিযুক্ত সদস্যকে চিঠি দিয়ে অভিযোগসমূহের জবাব ১৫ (পনের) দিবসের মধ্যে দেওয়ার জন্য নির্বাহী পরিষদ সচিবকে নির্দেশ দেবেন।
- গ. তদন্তের বিবরণী নির্বাহী পরিষদের সভায় বিবেচনা করে সিদ্ধান্ত নেওয়া হবে।
- ঘ. এ সম্পর্কে নির্বাহী পরিষদের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- ঙ. অভিযুক্ত সদস্যের সদস্যপদ একবার খারিজ হলে তিনি পুনরায় সদস্যপদের জন্য আবেদন করতে পারবেন না।



## বাংলা একাডেমি

### ঢাকা

#### সদস্যরূপে অন্তর্ভুক্তির আবেদনপত্র

সচিব  
বাংলা একাডেমি, ঢাকা

জনাব,  
অনুগ্রহপূর্বক আমাকে বাংলা একাডেমির সাধারণসদস্য/জীবনসদস্য হিসেবে গ্রহণ করলে বাঞ্ছিত হবো। বাংলা একাডেমি বিধি এবং তার অধীনে প্রণীত অথবা প্রণীতব্য বিভিন্ন ধারার শর্তসমূহ মেনে নিতে আমি সম্মত আছি। সদস্য হিসেবে অন্তর্ভুক্তির জন্য প্রয়োজনীয় তথ্য নিচে প্রদত্ত হলো :

১. নাম :
২. জন্ম তারিখ : বর্তমান বয়স :
৩. পিতা/স্বামীর নাম :
৪. মাতা/স্ত্রীর নাম :
৫. ঠিকানা : (ক) স্থায়ী :  
(খ) বর্তমান :
৬. জাতীয় পরিচয়পত্র নম্বর :
৭. পেশা :  
ফোন নম্বর : মোবাইল নম্বর :  
ই-মেইল (যদি থাকে) :
৮. শিক্ষাগত যোগ্যতার স্থানে টিক (√) দিন : স্নাতক (সম্মানসহ)/স্নাতকোত্তর/  
এমবিবিএস/ইঞ্জিনিয়ারিং/পিএইচ.ডি/অন্যকোনো।
৯. সাহিত্য, বিজ্ঞান অথবা সংস্কৃতির ক্ষেত্রে জাতীয় বা আন্তর্জাতিকমানের অবদানের স্বীকৃতিপত্রে দুইজন ফেলোর প্রত্যয়নপত্র যুক্ত করুন।
১০. উল্লেখযোগ্য গবেষণা কর্মের বিবরণ : ক. ....  
খ. গুরুত্বপূর্ণ প্রকাশনা.....।

১১. জাতীয় বা আন্তর্জাতিক কোনো সাহিত্য, বিজ্ঞান, শিক্ষা বা সাংস্কৃতিক প্রতিষ্ঠানের সদস্য/ফেলো/গবেষক আছেন কি-না? থাকলে তার বিবরণ :
১২. সদস্য হিসেবে অন্তর্ভুক্তির জন্য বিবেচ্য অন্যান্য যোগ্যতার স্থানে টিক (√) দিন :  
ক. একুশে পদকপ্রাপ্ত খ. স্বাধীনতা পুরস্কারপ্রাপ্ত  
গ. জাতীয়/আন্তর্জাতিক সম্মাননা/সাহিত্য পুরস্কার ।
১৩. ক. পূর্বে কখনো একাডেমির সদস্য ছিলেন কি-না? থাকলে সদস্য নম্বর :

খ. সদস্যপদ বাতিলের কারণ কী ?

আমি ঘোষণা করছি যে, উপরে বর্ণিত তথ্য সম্পূর্ণ সত্য। আমার সম্পর্কে কোনো তথ্য মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো তথ্য গোপন করা হয়ে থাকলে যে-কোনো মুহূর্তে আমার সদস্যপদ বাতিল হতে পারে।

বিনীত

(আবেদনকারীর স্বাক্ষর)

আবেদনকারীকে আমি ব্যক্তিগতভাবে জানি। উপরে বর্ণিত তথ্য সত্য। আমি তাঁর নাম সদস্যপদের জন্য প্রস্তাব করছি।

১. প্রস্তাবক : নাম : স্বাক্ষর :  
একাডেমির ফেলো নম্বর :  
তারিখ :  
আবেদনকারীকে আমি ব্যক্তিগতভাবে জানি। উপরে বর্ণিত তথ্য সত্য। আমি প্রস্তাব সমর্থন করছি।
২. সমর্থক : নাম : স্বাক্ষর :  
একাডেমির জীবনসদস্য/ফেলো নম্বর :  
তারিখ :
- বি: দ্র: ১. চাঁদার হার : জীবনসদস্য ৭,০০০.০০ (সাত হাজার) টাকা।  
সাধারণসদস্য হিসাবে অন্তর্ভুক্তি ফি ৩,০০০.০০ (তিন হাজার) টাকা  
এবং বার্ষিক চাঁদা ১,০০০.০০ (এক হাজার) টাকা। আবেদনপত্র ফি ১০০.০০ (একশত) টাকা। আবেদনপত্র যথাযথভাবে পূরণ করতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র বিবেচিত হবে না।
২. প্রয়োজনে পৃথক কাগজ ব্যবহার করা যাবে।

# বাংলা একাডেমি

ঢাকা

সম্মতিপত্র

- ১। আমাকে বাংলা একাডেমির সাধারণসদস্য/জীবনসদস্যরূপে গ্রহণ করার বিষয়টি অবগত হলাম এবং এই সঙ্গে একাডেমির সদস্যবিধি ও শর্তাবলি পেলাম।
- ২। এতদ্বারা আমি বাংলা একাডেমির সদস্য বিধি-বিধানের শর্তসমূহ ও ভবিষ্যতে প্রণীতব্য নিয়ম বা সম্ভাব্য সংশোধনীসমূহ মেনে নিতে সম্মতি জানাচ্ছি।
- ৩। এতদ্ব্যতীত বাংলা একাডেমির স্বার্থ সংরক্ষণ ও কল্যাণ বিধানের লক্ষ্যে কাজ করার এবং একাডেমির স্বার্থ ও সুনামের পরিপন্থি কোনো কাজে লিপ্ত না হওয়ার প্রতিশ্রুতি দিচ্ছি।

স্বাক্ষর : .....

পূর্ণনাম : .....

জাতীয় পরিচয়পত্র নম্বর : .....

বর্তমান ঠিকানা : .....

স্থায়ী ঠিকানা : .....

টেলিফোন বাসা : .....

অফিস : .....

মোবাইল : .....

ই-মেইল : .....

নমুনা স্বাক্ষর

১.

২.

স্থায়ী রেজিস্টারে সংরক্ষণের জন্য স্বাক্ষরের নমুনা



# বাংলা একাডেমি

ঢাকা

সম্মতিপত্র

- ১। আমাকে বাংলা একাডেমির ফেলোরুপে গ্রহণ করায় একাডেমি কর্তৃপক্ষকে ধন্যবাদ জানাচ্ছি।
- ২। বাংলা একাডেমির স্বার্থ সংরক্ষণ ও কল্যাণ বিধানের লক্ষ্যে কাজ করার এবং একাডেমির স্বার্থ ও ভাবমূর্তি পরিপন্থি কোনো কাজে লিপ্ত না হওয়ার প্রতিশ্রুতি দিচ্ছি।

স্বাক্ষর : .....

পূর্ণনাম : .....

জাতীয় পরিচয়পত্র নম্বর : .....

বর্তমান ঠিকানা : .....

টেলিফোন বাসা : .....

অফিস : .....

মোবাইল : .....

ই-মেইল : .....

স্থায়ী ঠিকানা : .....

নমুনা স্বাক্ষর

১.

২.

স্থায়ী রেজিস্টারে সংরক্ষণের জন্য স্বাক্ষরের নমুনা

---

মোঃ কামাল উদ্দীন আহমেদ, উপপরিচালক (চলতি দায়িত্ব), পরিষদ উপবিভাগ, বাংলা একাডেমি, ঢাকা ১০০০ কর্তৃক প্রকাশিত এবং ড. আমিনুর রহমান সুলতান, ব্যবস্থাপক, বাংলা একাডেমি প্রেস, ঢাকা ১০০০ কর্তৃক মুদ্রিত। প্রকাশকাল : মার্চ ২০১৭।